আল্লাহর আযাব থেকে অধিক মুক্তিদানকারী আল্লাহর যিকিরের মতো অধিক কার্যকর আর কোনো আমল আদম সন্তান করে নি।

মু‘আয ইবন জাবাল রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “আল্লাহর আযাব থেকে অধিক মুক্তিদানকারী আল্লাহর যিকিরের মতো অধিক কার্যকর কোনো আমল আদম সন্তান করে
নি।”
[সহীহ লিগাইরিহী] [এটি ইবন আবী শাইবাহ বর্ণনা করেছেন। - এটি তাবরানী বর্ণনা করেছেন। - এটি আহমাদ
বর্ণনা করেছেন। - এটি মালেক বর্ণনা করেছেন।]

যে সব কারণে জান্নাত লাভ হয় এবং জাহান্নাম থেকে বাঁচা যায়, মুমিনদের জন্য আল্লাহ তা‘আলা সে সব কারণগুলো সহজ করে দিয়েছেন। এ সব কারণসমূহের একটি অন্যতম কারণ, আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলার যিকির। হাদীসটি যিকিরের ফযীলত প্রমাণ করে। এটি দুনিয়া ও আখিরাতের বিপদ থেকে মুক্তি লাভের অন্যতম কারণসমূহের একটি। আর তা জাহান্নাম থেকে মুক্তিরও কারণ। এ ফযীলতটিকে যিকিরের ফযীলতসমূহ থেকে মহান ফযীলত বলে বিবেচনা করা হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5510